

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৩৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪) রুকৃ'-সিজদা পরিপূর্ণ না করা, মেরুদন্ড সোজা করে না দাঁড়ানোর ব্যাপারে ভীতি প্রদর্শন ও একাগ্রতার সাথে নামায আদায় করার ব্যাপারে যে নির্দেশ এসেছে তার বর্ণনা

الترهيب من عدم إتمام الركوع والسجود وإقامة الصلب بينهما وما جاء في الخشوع

আরবী

(صحيح لغيره) و عَنْ النُّعْمَانِ بْنِ مُرَّةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَا تَرَوْنَ فِي الشَّارِبِ وَالزَّانِي وَالسَّارِقِ وَذَلِكَ قَبْلَ أَنْ يُنْزَلَ فِيهِمْ قَالُوا اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ هُنَّ فَوَاحِشُ وَفِيهِنَّ عُقُوبَةٌ وَأَسْوَأُ السَّرِقَةِ الَّذِي يَسْرِقُ صَلَاتَهُ قَالُوا وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ هُنَّ فَوَاحِشُ وَفِيهِنَّ عُقُوبَةٌ وَأَسْوَأُ السَّرِقَةِ الَّذِي يَسْرِقُ صَلَاتَهُ قَالُوا وَكَيْفَ يَسْرِقُ صَلَاتَهُ مَالك

বাংলা

৫৩৪. (সহীহ লিগাইরিহী) নো'মান বিন মুর্রা থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ''মদ্যপানকারী, ব্যভিচারী ও চোর সম্পর্কে তোমাদের মন্তব্য কি?''

প্রশ্নটি ছিল এসকল বিষয়ে দন্ডবিধি নাযিল হওয়ার পূর্বে। তাঁরা বললেন, আল্লাহ এবং তাঁর রাসূল ভাল জানেন। তিনি বললেনঃ "এগুলো অশ্লীল কাজ। একাজগুলো করলে শান্তি আছে। কিন্তু নিকৃষ্ট চুরি ঐটা যে লোক নামাযে চুরি করে।" তাঁরা বললেন, কিভাবে নামাযে চুরি করে? তিনি বললেনঃ "পরিপূর্ণরূপে রুকৃ' করে না, পরিপূর্ণরূপে সিজদা করে না।"

(ইমাম মালেক হাদীছটি বর্ণনা করেছেন ১/১৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ নো'মান বিন মুর্রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন